ক্যাফকাস (Cafcass) ফ্যামিলি গ্রুপ কনফারেন্স সার্ভিস

(পারিবারিক দলগত মন্ত্রনাসভা)

পারিবারিক বিরোধের সমাধান করতে

একসাথে কাজ করা

একটি ফ্যামিলি গ্রুপ কনফারেন্স
(পারিবারিক দলগত মন্ত্রনাসভা) কি?

যখন পিতামাতারা পৃথক হতে বা বিবাহবিচ্ছেদ করতে সিদ্ধান্ত নেয়, তখন ছেলেমেয়েরা ক্ষতি, রাগ, বিষাদ ও এমনকি অপরাধ অনুভব করতে পারে। পিতামাতারা যদি যোগাযোগ এবং বাসস্থানের ব্যবস্থায় সন্মত হতে একসাথে কাজ করে তবে তারা এই জিনিষগুলি কম অনুভব করতে পারে।

একটি ফ্যামিলি গ্রুপ কনফারেন্স (পারিবারিক দিলগত মন্ত্রনাসভা) পিতামাতা, ছেলেমেয়ে,অন্যান্য পারিবারিক সদস্যদের ও বন্ধুদের জন্য একত্রিত হতে এবং কোনো সমস্যার কিভাবে সমাধান করা যায় তা আলোচনা করতে একটি স্বতন্ত্র্য স্বযোগ প্রদান করে। বিদ্বেষমূলক ও খরচবহুল কোর্টের মামলার মধ্য দিয়ে যাওয়ার পরিবর্তে, পিতামাতাদের পক্ষে তাদের ছেলেয়েদের জন্য একটি পারস্পরিক সন্মতিপূর্ণ পরিকল্পনা করতে একটি ফ্যামিলি গ্রুপ কনফারেন্স (পারিবারিক দলগত মন্ত্রনাসভা) সম্পাদন করা এটিকে সহজতর করার একটি উপায়।

কনফারেন্সের(মন্ত্রনাসভার) জন্য প্রস্তুতি নেওয়া

আপনার ফ্যামিলি কোর্ট অ্যাড্‌ভাইজারের কাছ থেকে পাঠানোর পর, একজন নিরপেক্ষ ফ্যামিলি গ্রুপ কনফারেন্স কো-অর্ডিনেটর আপনার সঙ্গে সাক্ষাৎ করার আয়োজন করবে, 'নিরপেক্ষ' বলতে এমন একজনকে বোঝায় যিনি আগে আপনার পরিবারের সঙ্গে কাজ করেন নি। সমস্ত ফ্যামিলি গ্রুপ কনফারেন্স কো-অর্ডিনেটর রাই বিশেষ প্রশিক্ষণ পেয়েছেন।

কো-অর্ডিনেটর কনফারেন্সে কাকে আমন্ত্রণ জানানো প্রয়োজন সে সম্পর্কে সিদ্ধান্ত নিতে আপনাকে সাহায্য করবেন এবং কোথায় ও কখন এটি অনুষ্ঠিত হবে তার আয়োজন করবেন, প্রত্যেকেই মিটিং এর জন্য সময় ও স্থান স্বনিশ্চিত করে একটি চিঠি পাবে।

আপনার শিশুর বয়স ও বোধগম্যতার উপর ভিত্তি করে, কো-অর্ডিনেটর তাদেরকে তাদের ইচ্ছা ও অনুভূতি সম্পর্কে জিজ্ঞাসা করতে পারেন, ছেলেমেয়েদের মিটিংএ উপস্থিত হতে উৎসাহিত করা খুব গুরুত্বপূর্ণ। ছেলেমেয়েরা তাদেরকে অংশগ্রহণ করতে সাহায্য করার জন্য তাদের নিজস্ব সহযোগিতা প্রদানকারী ব্যক্তি (অ্যাডভোকেট) রাখতে পারে।

কার উপস্থিত হওয়া উচিত?

যারাই আপনার ছেলেমেয়ে সম্পর্কে সর্বোৎকৃষ্ট সিদ্ধান্ত নিতে আপনাকে সাহায্য করবে বলে আপনি মনে করেন। এটি পারিবারিক সদস্যবৃন্দ, বন্ধুরা বা প্রতিবেশীরা হতে পারে। যে সমস্ত পেশাজীবি আপনার শিশুকে ভালভাবে চেনেন (যেমন শিক্ষক, হেলথ ভিজিটরস্ অথবা সোস্যাল ওয়ার্কারগণ) তারা ও যাতে উপস্থিত হয় সেজন্যে আপনি অনুরোধ করতে পারতেন। পেশাজিবীরা কেবল তাদের পেশগত মতামত বিনিময় করতে পারেন এবং ফ্যামিলি গ্রুপ কনফারেন্স (পারিবারিক দলগত মন্ত্রনাসভায়) কোন সিদ্ধান্ত নেবেন না। যেখানে সম্ভব, সেখানে আপনার শিশুর কাছে গুরুত্বপূর্ণ এমন প্রত্যেকেই আমন্ত্রন করা উচিত।

সেই দিনে ...

তথ্য বিনিময়

কনফারেন্সের (মন্ত্রনাসভার)প্রথম অংশ তথ্য বিনিময় সম্পর্কে। কো-অর্ডিনেটর প্রত্যেকেই তাদের নিজেদের পরিচয় দিতে বলবেন। যদি কোন পেশাজীবি উপস্থিত থাকেন, তবে তারা তথ্য প্রদান করবেন যা আপনাকে আপনার শিশুর জন্য একটি পরিকল্পনা করতে সাহায্য করবে। তাদের প্রশ্ন জিজ্ঞাসা করার প্রচুর সুযোগ থাকবে।

ব্যক্তিগত পারিবারিক সময়

এটি মিটিং এর চরম অংশ। আপনার পরিবার ও বন্ধুরা কোন পরিকল্পনার ব্যাপারে আলোচনা ও একমত হওয়ার জন্য নিজস্ব সময় পাবেন। এই সময় পেশাজীবিরা এবং কো-অর্ডিনেটার ছেড়ে চলে যাবেন, যাতে আপনি:

- আপনাকে যে তথ্য দেওয়া হয়েছে তা আলোচনা করতে পারেন
- একটি পরিকল্পনায় সম্মত হতে পারেন
- কে কি করবেন তার সিদ্ধান্ত নিতে পারেন
- পরিকল্পনাটি যাতে ভালভাবে চলে তা আপনি কিভাবে সুনিশ্চিত করবেন সে সম্পর্কে আলোচনা করতে পারেন।
- পরিকল্পনাটি যদি ভালভাবে না চলে তাবে কে আপনাকে সাহায্য করবে তা নির্ধারণ করতে পারবেন।

এই বিষয়গুলি আলোচনা করতে আপনার যত সময় প্রয়োজন আপনি তত সময়ই নিতে পারেন। কো-অর্ডিনেটর নিকটেই থাকবেন এবং যদি চান তবে আপনি সহযোগিতার জন্য বলতে পারেন। যদি একটি চুক্তিতে পৌঁছাতে আপনার অসুবিধা হয়, তবে কো-অর্ডিনেটর আপনাকে সাহায্য করবেন।

চুক্তির মিটিং

একবার আপনি একটি পারিবারিক পরিকল্পনায় সম্মত হয়ে গেলে, কো-অর্ডিনেটর পেশাজীবিদের মিটিং এ পুণরায় যোগদান করার জন্য আমন্ত্রণ জানাবেন। কো-অর্ডিনেটার তখন উপস্থিত প্রত্যেকের সঙ্গে পরিকল্পনাটি বিনিময় করবেন। পরিকল্পনাটির পর্যালোচনা করতে ছয় থেকে আট মাসে আপনার একটি মিটিং নির্ধারণ করা উচিত কিনা তাও আপনি আলোচনা করবেন। পরিকল্পনাটি কাজ করার জন্য যদি আপনার কোনো সহযোগিতা বা পরিষেবার প্রয়োজন হয়, তবে আপনার ফ্যামিলি কোর্ট অ্যাডভাইজার এটি আয়োজন করতে আপনাকে সাহায্য করবেন।

পেশাজীবিরা অথবা কোর্ট আপনার পরিকল্পনার সঙ্গে অসম্মত হবেন কেবলমাত্র যদি তারা মনে করেন এটি আপনার ছেলেমেয়েদের ঝুঁকির মধ্যে ফেলবে, যদি তেমন হয়, তবে কো-অর্ডিনেটার আপনাকে এটি পুণর্বিবেচনা করতে বলবেন।

মিটিং এ উপস্থিত ছেলেমেয়েরা সহ, প্রত্যেকেই ফ্যামিলি প্ল্যানে সই করবেন। সম্মত ফ্যামিলি প্ল্যান হিসেবে একটি কপি কোর্টে জামা দেওয়া হবে।

ফিডব্যাক

কিভাবে আমি প্রতিক্রিয়া (ফিডব্যাক) দিতে পারে অথবা একটি অভিযোগ করতে পারি?

ফ্যামিলি গ্রুপ কনফারেন্স সম্পর্কে আপনি কি ভাবেন তা আমরা জানতে চাই। কনফারেন্সের পর আপনাকে পূরন করার জন্য একটি প্রতিক্রিয়ার ফর্ম দেওয়া হবে। আপনার মন্তব্য আমাদেরকে আমাদের পরিষেবার উন্নয়ন ঘটাতে সাহায্য করবে, কাজেই এটি পূরণ করতে আপনি যদি কয়েক মুহুর্তে নিতে পারেন তবে আমরা কৃতজ্ঞ থাকব।

আমরা আরও সেইসব পরিবারগুলির অনুসন্ধান করছি যারা যেসব লোকজন একটি ফ্যামিলি গ্রুপ কনফারেন্স করা সম্পর্কে ভযবছে তাদের সঙ্গে কথা বলতে ইচ্ছুক এবং এর মধ্য দিয়ে গেছে এমন কোনো একজনের সঙ্গে কথা বলতে চায়।

আপনার ফ্যামিলি গ্রুপ কনফারেন্স যেভাবে আয়োজিত হয়েছিল সে সম্পর্কে যদি আপনি অখুশী থাকেন, তবে আপনি ফ্যামিলি গ্রুপ কনফারেন্স সার্ভিসের ম্যানেজারের সঙ্গে যোগাযোগ করতে পারেন। তারা আপনার উদ্বেগগুলি আলোচনা করতে সক্ষম হবেন এবং, যদি প্রয়োজন হয়, তবে Cafcass এর অভিযোগের পদ্ধতির মাধ্যমে একটি অভিযোগ করায় আপনাকে সাহায্য করবেন।

যোগাযোগ

Cafcass London region family group conference service (Cafcass লন্ডন রিজন ফ্যামিলি গ্রুপ কনফারেন্স সার্ভিস):

020 7210 4100

Cafcass দ্বারা ফেব্রুয়ারী ২০০৭ এ মুদ্রিত ও প্রকাশিত,
8th Floor, South Quay Plaza 3, 189 Marsh Wall, London E14 9SH